**পশ্চিমবঙ্গ সরকার**
**প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিকের কার্যালয়**
**অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম**

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ঝাড়গ্রাম শহরের পুরাতন ঝাড়গ্রাম এলাকায় একটি ১০০ শয্যাবিশিষ্ট কেন্দ্রীয় আদিবাসী ছাত্রীনিবাস চালু করা হবে। উক্ত ছাত্রীনিবাসে ঝাড়গ্রাম জেলায় অবস্থিত যে কোনো সরকারি অথবা সরকার পোষিত শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর স্তরে (একাদশ, দ্বাদশ, স্নাতক, স্নাতকোত্তর, ডিপ্লোমা প্রভৃতি) অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী তপশিলি উপজাতিভুক্ত (ST) ছাত্রীগণ আবাসিক হিসেবে থাকার জন্য আবেদন করতে পারবেন।

এই উদ্দেশ্যে যোগ্য ও ইচ্ছুক তপশিলি উপজাতিভুক্ত ছাত্রীদের (ST) নিকট থেকে নির্ধারিত ফরম্যাটে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং তাঁর পরিবারের বার্ষিক আয় ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হতে হবে।

যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র আগামী ৩১/০৫/২০২৬ তারিখের মধ্যে (শনিবার, রবিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত) এই কার্যালয়ে অথবা উক্ত ছাত্রীনিবাসে (সুপারিন্টেন্ডেন্ট অথবা মেট্রনের নিকট) জমা দিতে হবে।

পূর্ববর্তী বিজ্ঞপ্তির ভিত্তিতে যেসব ছাত্রী ইতিমধ্যেই আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বে জমা করা আবেদনপত্রও ভর্তির ক্ষেত্রে বিবেচিত হবে।

**আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র সংযুক্ত করতে হবে:**

১. শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির রসিদের কপি – স্বপ্রত্যয়িত।
২. জাতিগত শংসাপত্রের কপি – স্বপ্রত্যয়িত।
৩. পিতামাতা বা অভিভাবকের বার্ষিক আয়ের শংসাপত্র (গ্রুপ-'এ' অফিসার / সাংসদ / বিধায়ক / পঞ্চায়েত সমিতির সভাপতি / জেলা পরিষদের সদস্য / পৌরসভার চেয়ারপার্সন কর্তৃক প্রদত্ত)। পিতামাতা বা অভিভাবক চাকুরিজীবী হলে সংশ্লিষ্ট ডি.ডি.ও কর্তৃক প্রদত্ত আয়ের শংসাপত্র বা পে-স্লিপ জমা দিতে হবে।
৪. ছাত্রীর বাসস্থান থেকে তিনি যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করছেন, সেই দূরত্বের শংসাপত্র ((গ্রুপ-'এ' অফিসার / সাংসদ / বিধায়ক / পঞ্চায়েত সমিতির সভাপতি / জেলা পরিষদের সদস্য / পৌরসভার চেয়ারপার্সন কর্তৃক প্রদত্ত)।
৫. মাধ্যমিক / উচ্চমাধ্যমিক / স্নাতক স্তরের পরীক্ষার মার্কশিটের কপি – স্বপ্রত্যয়িত।
৬. আধার কার্ড / ভোটার কার্ডের কপি – স্বপ্রত্যয়িত।

ম. ট্‌ং,মাহু ৭/৫/২০২৬

**প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক**
**অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম**

**মেমো নং** ৭১৫৮/১(১৩)/বি.সি.ডব্লু এন্ড টিডি/জেজিএম **তারিখ** ৭/৫/2025

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন ডিরেক্টরেট

২. জেলা শাসক, ঝাড়গ্রাম

৩. অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), ঝাড়গ্রাম

৪. মহকুমা শাসক, ঝাড়গ্রাম সদর

৫. সচিব, ঝাড়গ্রাম জেলা পরিষদ

৬. রেজিস্ট্রার, সাধু রামচাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়, ঝাড়গ্রাম

৭. চেয়ারপার্সন, ঝাড়গ্রাম পৌরসভা

৮. সভাপতি, সকল পঞ্চায়েত সমিতি

৯. সমষ্টি উন্নয়ন আধিকারিক, সকল ব্লক

১০. জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), ঝাড়গ্রাম, অনুরোধ করা হচ্ছে সকল বিদ্যালয়ের প্রধানের নজরে আনার জন্য।

১১. অধ্যক্ষ / অধ্যক্ষা, ............................................ মহাবিদ্যালয়।

১২. প্রধান শিক্ষক / শিক্ষিকা, ................................................ উচ্চবিদ্যালয়।

১৩. প্রধান, সকল গ্রাম পঞ্চায়েত।

অ. ভট্টাচার্য ৭/৫/2025

**প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক**
**অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন, ঝাড়গ্রাম**

**পশ্চিমবঙ্গ সরকার**
**১০০ শয্যা বিশিষ্ট কেন্দ্রীয় আদিবাসী ছাত্রী নিবাস**
**পুরাতন ঝাড়গ্রাম , ঝাড়গ্রাম**

# ভর্তির আবেদন পত্র

ক্রমিক সংখ্যা ____________ (কেবলমাত্র অফিসের ব্যবহারের জন্য)

স্বাক্ষরিত ফটো

১. ছাত্রীর নাম ____________

২. পিতা/মাতা/অভিভাবকের/অভিভাবিকার নাম ____________

পেশা ____________

মোবাইল নম্বর ____________

ঠিকানা:-

ক) স্থায়ী:- গ্রাম ____________ ডাকঘর ____________

থানা ____________ জেলা ____________

খ) বর্তমান:- গ্রাম ____________ ডাকঘর ____________

থানা ____________ জেলা ____________

৩. স্থানীয় অভিভাবকের নাম ____________ পেশা ____________

যোগাযোগের নম্বর ____________ মোবাইল ____________

গ্রাম ____________ ডাকঘর ____________

থানা ____________ জেলা ____________

৪. জাতি - তপশিলি উপজাতি উপজাতি / সম্প্রদায় ____________

৫. ক) জন্মতারিখ ____________ (দিন) ____________ (মাস) ____________ (বছর)

খ) বয়স (১লা জুলাই ২০২৪ অনুযায়ী) ____________ বছর ____________ মাস ____________ দিন

গ) আধার কার্ড নম্বর ____________

৬. বর্তমান শিক্ষাবর্ষে ছাত্রীর শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ও শ্রেণী

ক) শিক্ষাপ্রতিষ্ঠান ____________ খ) শ্রেণী ____________

৭. বিগত শিক্ষাবর্ষে ছাত্রীর শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ও শ্রেণী

ক) শিক্ষাপ্রতিষ্ঠান ____________ খ) শ্রেণী ____________

৮. বর্তমান শিক্ষাবর্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির তারিখ ____________

৯. পিতা/মাতা/অভিভাবক/অভিভাবিকার মাসিক আয় ____________ টাকা
(কথায় ____________)

১০. নিজ বাসস্থান (স্থায়ী/বর্তমান) হইতে নিজশিক্ষা প্রতিষ্ঠানের দূরত্ব ____________ (কিমি)

..............................................................................................................................

## প্রাপ্তি স্বীকার পত্র

১০০ শয্যা বিশিষ্ট কেন্দ্রীয় আদিবাসী ছাত্রী নিবাসে ভর্তির আবেদন পত্র ____________ (আবেদনকারীর নাম) এর নিকট থেকে ____________ তারিখে জমা নেওয়া হলো।

____________
স্বাক্ষর

১১. ছাত্রীর সহিত সাক্ষাৎকারী দুইজন আত্মীয়ের নাম :-

| ক) নাম | খ) ঠিকানা | গ) সম্পর্ক |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |

পিতা/মাতা/অভিভাবকের/অভিভাবিকার স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর

১২. স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান / বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক উপরিউক্ত বিবরণ সমূহের যথার্থতা অনুমোদন ও স্বাক্ষর :-

সিলমোহর সহ স্বাক্ষর

অভিভাবকের স্বীকারোক্তি

*************************

আমি শ্রী/শ্রীমতি ____________________ এতদ্বারা অঙ্গীকার করিতেছি যে ১০০ শয্যা বিশিষ্ট কেন্দ্রীয় আদিবাসী ছাত্রী নিবাসে তফসিলি উপজাতি ভুক্ত ছাত্রীর ভর্তির যাবতীয় নিয়মাবলী মানিয়া চলিব। কোনো তথ্য গোপন করিলে আইনত দায়বদ্ধ থাকিব। আমি ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলী পাঠ করিয়া এই স্বীকারোক্তি দিতেছি।

**তারিখ**

**পিতা / মাতা / অভিভাবক / অভিভাবিকার স্বাক্ষর**

ভর্তির জন্য অনুমোদিত হইল

উপযুক্ত কর্তৃপক্ষ

**আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত স্বপ্রত্যয়িত প্রমাণপত্রগুলি জমা দিতে হবে।**

ক) দুইকপি পাসপোর্ট ফটো

খ) জাতিগত শংসাপত্র

গ) বিগত বার্ষিক পরীক্ষার প্রগতিপত্র

ঘ) বর্তমান শিক্ষাবর্ষে ভর্তির রসিদ

ঙ) অভিভাবকের মাসিক আয়ের প্রমাণপত্রের আসল কপি (চাকুরীর ক্ষেত্রে পে স্লিপ)

চ) দূরত্বের প্রমানপত্র (মূল কপি)

ছ) বাসস্থানের প্রমাণপত্র (মূল কপি)

জ) জন্ম তারিখের প্রমাণপত্র

ঝ) আধার কার্ড

ঞ) স্থানীয় অভিভাবকের অঙ্গীকার পত্র।